



তথ্যবিবরণী

নম্বর- ১৫১

বাণিজ্য এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উপদেষ্টা আগামী রবিবার রাজশাহী সফরে আসবেন

রাজশাহী; ১১ পৌষ (২৬ ডিসেম্বর):

বাণিজ্য এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উপদেষ্টা শেখ বশিরউদ্দীন দুই দিনের সরকারি সফরে আগামী ২৯ ও ৩০ ডিসেম্বর রাজশাহী জেলা সফরে আসবেন। তিনি ওইদিন বিমানযোগে সকাল সাড়ে দশটায় শাহমখদুম বিমানবন্দরে এসে পৌঁছবেন।

এদিন তিনি সকাল এগারোটায় রাজশাহী বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষে জনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) আয়োজিত সেমিনার/মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। পরে তিনি দুপুর সোয়া দুইটায় টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট পরিদর্শন করবেন। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষে দুপুর আড়াইটায় বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের সাথে পরিচিতি ও মতবিনিময় সভায় অংশগ্রহণ করবেন। রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে রেশম কীট ও তুঁত জাতের জার্মপ্লাজম মেইনটেন্যান্স কার্যক্রম এবং সেরিকালচার মিউজিয়াম পরিদর্শন করবেন।

পরদিন সোমবার সকাল নয়টা থেকে সাড়ে চারটা পর্যন্ত তিনি টিসিবির ফ্যামিলি কার্ডধারী উপকারভোগীদের হোম ভিজিট করবেন।

ওই দিন সন্ধ্যা পৌনে ছয়টায় তিনি বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

.....
তৌহিদ/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৬:০০ ঘ.